

আড্ডা

আড্ডা পত্রিকা

ISSN: 2395-7913

Year 5, Issue 01, Rs.150

সম্পাদক

অরুণাভ চট্টোপাধ্যায়

বিপণন

সৌরভ নীল

প্রকাশক

অনিতা চট্টোপাধ্যায়

আত্মজা পাবলিশার্স

আত্মজা মিডিয়া ভেঞ্চারস্ প্রাইভেট লিমিটেড

২৬, বিহারীলাল ঘোষ রোড, কলকাতা – ৭০০০৫৭

ফোন: ৭৯৮০০-৭৬৪২৫, ইমেইল: adda@atmajaa.com

প্রচ্ছদের ছবি

শুভজিৎ দে

দুর্গাপট

শ্যামসুন্দর চিত্রকর

পিংলা

ইতিহাসের প্রেক্ষাপটে দুর্গা

মানস দত্ত

শিউলি ফুলের সুবাস মাখা হাওয়া, স্বচ্ছ আকাশে মাঝে মাঝে সাদা মেঘের ভেলা আর নদীর দুধারে কাশের বনে হাওয়ার দোলায় রঙের সঙ্গে কাশের শুভ্রতা মিশিয়ে শরৎ যেন উঁকি দিয়েছে। আকাশে বাতাসে আগমনীর সুর আর সঙ্গে নিয়ে এসেছে বাঙালীর শ্রেষ্ঠ উৎসব শারদীয়া। আকাশে বাতাসে যেন ছুটির রাগিণী। বাংলা যেন সারা বছর ধরে অপেক্ষা করে থাকে এই উৎসবের জন্য। মহালয়ার ভোরে বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের মায়াবী গলায় মহিষাসুরমর্দিনী ঝঙ্কারে ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বর ও অন্যান্য দেবতার তেজরাশি দিয়ে দেবীর আবির্ভাব হল। এই দেবীই হলেন দুর্গা। যার ছোঁয়ায় বাংলার আর্থসামাজিক জীবনে লাগে এক নবরূপের দোলা।

দুর্গা হলেন শক্তির দেবী। তিনি কখনও হয়ে যান চণ্ডী, কখনও বা কালী, কখনও উমা, শ্যামা, পার্বতী, গৌরী, অপর্ণা, কখনও আনন্দময়ী নানা নামে নানা রূপে তিনি বিরাজমান। দুর্গা মধ্যযুগের বাংলা সাহিত্যে যত্রতত্র বিরাজ করেন। কবিতার উপমায়, রূপকে, প্রতীকে, চিত্রকল্পে, অনুপ্রাসে, দৃষ্টান্তে, কথাসাহিত্যের চরিত্র রূপেও দুর্গার অবাধ বিচরণ। বাংলা মঙ্গল কাব্যে, যেমন দুর্গামঙ্গল। মিথিলার কবি বিদ্যাপতির দুর্গাভক্তিতরঙ্গিনী আবার বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের পথের পাঁচালীর অবিস্মরণীয় কিশোরী দুর্গা। বাংলা সাহিত্যের গভীর অতিক্রম করে নানা ভারতীয় সাহিত্যেও দুর্গা বিরাজমান। কালিদাসের কুমারসম্ভবম থেকে শুরু করে প্রাচীন সংস্কৃত সাহিত্যে হর-পার্বতীকে নিয়ে যে কত নাটক, কত যাত্রা, কত কাব্য, কত আখ্যান রচিত হয়েছে, তার হিসেব দেওয়া দুস্কর।